



পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র

বাড়ী নং -৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭।

ফোনঃ ০২-৯১২৮৮২৪, ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২; ই-মেইল: info@padakhep.org, pmuk@padakhep.org; web: www.padakhep.org

স্মারক নংঃ পদ/পক/নিপস/অসা/কোভিড-১৯/২০২০/১৯৪

তারিখঃ ২৭ এপ্রিল, ২০২০ খৃষ্টাব্দ

অফিস স্মারক

করোনাকালে মানুষের পাশে দাঁড়ানোর প্রত্যয়ে “এসো সবাই”

ক. বিশ্বজুড়ে নভেল করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমন ও বিস্তারের ফলে অন্যান্য দেশের মতো বাংলাদেশও মারাত্মক স্বাস্থ্যগত ও অর্থনৈতিক ঝুঁকির মধ্যে রয়েছে। ঘরে থাকা এবং নিরাপদ শারীরিক দূরত্ব বজায় রাখাই এ ভাইরাস সংক্রমণ রোধের অন্যতম প্রধান উপায়। এ ভাইরাস এর বিস্তার রোধকল্পে বাংলাদেশ সরকার বিগত মার্চ ২৬, ২০২০ থেকে সাধারণ ছুটি ঘোষণা করেছে। ফলে শিল্প-কলকারখানা, ব্যবসা-বাণিজ্যসহ সব ধরনের অর্থনৈতিক কর্মকাণ্ড প্রায় সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে, যার বিরূপ প্রভাব পড়ছে দেশের সামগ্রিক অর্থনীতিতে। চলমান পরিস্থিতিতে সবচেয়ে কঠিন পরিস্থিতির মুখোমুখি হয়েছে দেশের শ্রমজীবী জনগোষ্ঠী। নিয়মিত আয়ের পথ বন্ধ হয়ে যাওয়ায় দুর্বিষহ জীবনযাপন করছে এ বিশাল জনগোষ্ঠী। একইসঙ্গে পর্যাপ্ত পরিমাণে পার্সোনাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট না থাকায় চিকিৎসক ও স্বাস্থ্যসেবা প্রদানকারীগণ জীবনের ঝুঁকিতে পড়ছেন। এই পরিস্থিতিতে করোনা সংকট চলাকালে ও সংকট পরবর্তী সময়ে অসহায় ও দুস্থ মানুষকে প্রয়োজনীয় সহায়তা দেয়ার অভিপ্রায় নিয়ে দেশ ও দেশের মানুষের পাশে দাঁড়িয়েছে সামাজিক উদ্যোগ “এসো সবাই”।

খ. “এসো সবাই” এই উদ্যোগের মাধ্যমে আত্মহী দাতাদের কাছ থেকে অনুদান (নগদ অর্থ এবং প্রয়োজনীয় সামগ্রী যেমন: খাদ্যদ্রব্য, স্বাস্থ্য সুরক্ষা সরঞ্জাম, স্যানিটাইজার ইত্যাদি) সংগ্রহ করে তা সমাজের অসহায়, দুঃস্থ ও ভুক্তভোগীদের কাছে পৌঁছে দেবে। এটি একটি সম্পূর্ণ অলাভজনক, স্বেচ্ছাসেবী ও সামাজিক উদ্যোগ। দেশ ও দেশের মানুষের প্রতি ভালোবাসা এবং একান্ত ব্যক্তিগত দায়বদ্ধতা থেকে এই ব্যতিক্রমী উদ্যোগটি নিয়েছেন কর্পোরেট ব্যক্তিত্ব ও গীতিকবি আসিফ ইকবাল, বেবিস এর পরিচালক দিদারুল আলম সানি, ডিজিটাল মার্কেটিং এজেন্সি এনলাইভেন বাংলাদেশ লিমিটেড এর চেয়ারম্যান ও পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র এর সম্মানিত পর্ষদ সদস্য রিসালাত সিদ্দীক, কনসিটো পিআর এর নির্বাহী পরিচালক মাহজাবীন ফেরদৌস, গায়ক মাহাদী ফায়সাল ও সংগীত পরিচালক অদিত রহমান।

গ. “এসো সবাই” উদ্যোগের মাধ্যমে দেশ ও দেশের বাইরের সামর্থ্যবান মানুষেরা আজ এই কোভিড-১৯ এর ফলে সৃষ্ট জাতীয় দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানোর সুযোগ পাবে। এই উদ্যোগের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করার জন্য সবার প্রতি উদাত্ত আহ্বান জানিয়ে সম্প্রতি “এসো সাথে সবাই” শিরোনামে একটি গান উন্মুক্ত করা হয়। যেখানে দেশের বিভিন্ন অঙ্গনের শতাধিক ব্যক্তিত্ব গলা মিলিয়ে অংশ নিয়েছেন একটিমাত্র ভিডিও চিত্রে। গানটির মাধ্যমে দেশের মিডিয়া, বিজনেস ও সমাজকর্মী থেকে শুরু করে সবাই এই উদ্যোগের পাশে এসে দাঁড়িয়েছেন। আত্মহী যেকোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান “এসো সবাই” উদ্যোগে অনুদান দিতে পারবেন। আত্মহীরা সরাসরি ওয়েবসাইটে গিয়ে “ডোনেট করুন” অপশনটিতে ক্লিক করে কার্ড বা মোবাইল ফাইন্যান্সিং সার্ভিস ব্যবহার করে অনুদান দিতে পারবেন। নগদ অর্থ ব্যতীত অন্যান্য পণ্যসামগ্রী অনুদান হিসেবে দিতে চাইলে ০৯৬-০৬-৪০৪০৪০ অথবা ০৯৬-৩৮-১১১৬৬৬ নম্বরে যোগাযোগ করতে পারবেন। “এসো সবাই” উদ্যোগ সম্পর্কে বিস্তারিত জানতে এবং গানের ভিডিও দেখার জন্য ভিজিট www.eshoshobai.com করা যেতে পারে।

ঘ. “এসো সবাই” দেশের প্রতি ভালোবাসা থেকে সম্পূর্ণ সামাজিক একটি উদ্যোগ। দেশের এই সংকটময় মুহূর্তে দেশ ও দেশের ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো আমাদের সবার মানবিক দায়িত্ব। আর এই বোধ থেকে “পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র” “এসো সবাই” উদ্যোগের সঙ্গে সহযোগী প্রতিষ্ঠান হিসাবে যুক্ত হয়েছে। সংস্থার সর্বস্তরের চাকুরেবৃন্দকে “এসো সবাই” উদ্যোগে নিজ নিজ অবস্থান থেকে সাধ্যমতো অংশগ্রহণ করার জন্য নির্দেশনা দেয়া হলো।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত

মো: সালেহ বিন সামস

নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

এবং

পরিচালক (মাইক্রোফাইন্যান্স)

অনুলিপি : (ই-মেইলে প্রেরণ করা হলো)

১. সকল কর্মী/কর্মকর্তা, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।

২. আইসিটি বিভাগ, প্রধান কার্যালয়, পদক্ষেপ। (সংস্থার ওয়েবসাইটে প্রকাশ এবং এসএমএস এর মাধ্যমে সকল সহকর্মীদের অবগতি নিশ্চিত করণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

৩. অফিস কপি।